

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-৩ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৮.০১৫.০৬.১৩-১৭৯

তারিখঃ ১৪ কার্তিক ১৪২৪
২৯ অক্টোবর ২০১৭

“প্রজ্ঞাপন”

বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ২৭/০৭/২০১৭ তারিখে পত্র নং-৮০.০০.০০০০.৩০১(গোপনীয়). ১১.২১৮১.১৭-২৬২ স্মারকের সুপারিশ, মেডিকেল বোর্ডের প্রত্যয়ন এবং পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন অনুযায়ী মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর “ইন্সট্রাক্টর (মেরিন)” এর ০১ (এক) টি স্থায়ী পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ৩৫৫০০-৬৭০১০/- বেতনক্রমে জনাব মোঃ নাইম সামসুদ্দোহা, পিতা-মোঃ আসাদুজ্জামান, মাতা-হাজেরা খাতুন, স্থায়ী ঠিকানাঃ গ্রাম/ডাকঘর-পাঁচরুখী, উপজেলা-নান্দাইল, জেলা-ময়মনসিংহ ও বর্তমান ঠিকানাঃ বাড়ি - আজিজ মঞ্জিল, ৩৭, বাসা বাড়ি রোড, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ-কে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলোঃ-

শর্তাবলীঃ

- (ক) নিয়োগকৃত পদে যোগদানের তারিখ হতে তাঁকে “কর্মকর্তা ও কর্মচারী (মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম) নিয়োগ বিধিমালা ২০০৪” অনুযায়ী “ইন্সট্রাক্টর (মেরিন)” পদে ০২ (দুই) বছর শিক্ষানবিশকাল হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশ থাকাকালে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক বলে বিবেচিত না হলে অথবা নিয়োগপ্রাপ্ত পদে বহাল থাকার জন্য দক্ষতা অর্জন করতে না পারলে কোন কারণ দর্শানো এবং সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকেই তাঁকে চাকুরি থেকে অপসারণ করা যাবে।
 - (খ) শিক্ষানবিশকালের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া এবং উল্লিখিত নিয়োগ বিধিমালার বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর চাকুরি স্থায়ীকরণের বিষয় বিবেচনা করা হবে।
 - (গ) যদি তিনি বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকে তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
 - (ঘ) চাকুরির জ্যেষ্ঠতা “কর্মকর্তা ও কর্মচারী (মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম) নিয়োগ বিধিমালা ২০০৪” অনুযায়ী এবং সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে।
 - (ঙ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে।
 - (চ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।
 - (ছ) বর্তমানে তিনি কোন প্রতিষ্ঠানে চাকুরিরত থাকলে তাঁকে নিয়োগকারী কর্তৃপক্ষের ছাড়পত্র যোগদানের সময় দাখিল করতে হবে।
- ২। বর্ণিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ০৫/১১/২০১৭খ্রিঃ তারিখের মধ্যে মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রামে যোগদান করতে হবে। নির্ধারিত সময়সীমার মধ্যে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে অসম্মত বিবেচনা করে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- ৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মোদাচ্ছের বিল্লাহ)

উপসচিব

ফোনঃ ৯৫৭৬৩৫৬

(অঃপঃদ্রঃ)

